



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)



স্মারক নং-বিবিধ/২০২১/১৭১

তারিখ : ২২/০৯/২০২১

বিষয় : উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি গঠন ও নির্বাচন সংক্রান্ত।

সূত্র: ১। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/২৪৫৩, তারিখ: ১৯/০৩/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক স্তরের সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/রিটার্নিং কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গত ১৮/০৩/২০২০ তারিখ হতে কোভিড-১৯ মহামারীর কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করায় অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নির্বাচন কার্যক্রম বন্ধ করা হয়েছিল। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ চালু হওয়ায় “মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) গঠন সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯” এর প্রবিধি ৪ ও ৫ অনুযায়ী গভর্নিং বডি গঠন করার জন্য অনুরোধ করা হলো।

## স্পষ্টিকরণ:

- কোভিড-১৯ মহামারী চলাকালীন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে ভোটার তালিকা তৈরির ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পর্যায়ে ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ১ম বর্ষের শিক্ষার্থী হিসেবে পরিগণিত হবে।
- কোন ভাবেই পূর্বের ভোটার তালিকা দ্বারা নির্বাচন করা যাবে না। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/৪৭৯, তারিখ: ১২/০৯/২০২১ জারীর পর থেকে ভোটার তালিকা হালনাগাদ করে নির্বাচন পরিচালনা করতে হবে।
- “মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) গঠন সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯” এর প্রবিধি ১২ এর উপ প্রবিধি(১) অনুযায়ী গভর্নিং বডির মেয়াদ উত্তীর্ণের অন্তত ৮০(আশি) দিন পূর্বে ভোটার তালিকা প্রণয়নসহ নির্বাচনের প্রস্তুতি গ্রহণ করতে হবে। উক্ত প্রবিধিমালা অনুযায়ী নির্ধারিত সময়সীমা না থাকলে গভর্নিং বডি গঠনের লক্ষে এডহক কমিটি গঠন করতে হবে।
- উচ্চমাধ্যমিক স্তরের যে সকল প্রতিষ্ঠান ইতোমধ্যে এডহক কমিটি গঠনের অনুমতি পত্র পেয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবশ্যই উক্ত এডহক কমিটি গঠনের অনুমতি পত্রের নির্দেশনা মোতাবেক এডহক কমিটি গঠন করতে হবে। যে সকল প্রতিষ্ঠানে ইতোমধ্যে এডহক কমিটি চলমান আছে কিন্তু প্রবিধিমালা অনুযায়ী নির্ধারিত ৮০(আশি) দিনের সময়সীমা নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকেও গভর্নিং বডি গঠনের লক্ষে এডহক কমিটি গঠন করতে হবে।
- উচ্চমাধ্যমিক পর্যায়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অর্থাৎ এইচএসসি-২০২১ এর পরীক্ষার্থীদের অভিভাবকগণ ভোটার তালিকার আওতাবর্হিত থাকবে এবং অভিভাবক প্রার্থী হতে পারবে না।
- স্কুল এন্ড কলেজ এর ক্ষেত্রে গভর্নিং বডি গঠনের লক্ষে ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের অভিভাবকগণ ভোটার তালিকার আওতাবর্হিত থাকবে এবং অভিভাবক প্রার্থী হতে পারবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর আবু তালেব মো: মোয়াজ্জেম হোসেন  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল: [ic@dhakaeducationboard.gov.bd](mailto:ic@dhakaeducationboard.gov.bd)

অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক স্তরের সংশ্লিষ্ট সকল,  
শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/রিটার্নিং কর্মকর্তা/প্রিজাইডিং অফিসার

মেমো নং-১৭২(৬)

তারিখ : ২২/০৯/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৬। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।